

**নিয়োগ আদেশ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর বিধি ৪ (৩) ও ৪ (৪) এর মোতাবেক অত্র সিটি কর্পোরেশনের ৪র্থ হতে ১০ম গ্রেডভুক্ত শূন্য পদসমূহ পূরণ সংক্রান্ত বাছাই কমিটি-১ এর সুপারিশের ভিত্তিতে এবং মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত ব্যক্তিগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে নিম্নলিখিত শর্তমতে নিয়োগ প্রদান করা হলো। বিধি মোতাবেক তিনি অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হবেন।

ক্রমিক	নাম, পিতার নাম ও ঠিকানা	পদের নাম	বেতন ক্রম ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)
১.	জনাব তাসনুভা চৌধুরী পিতা- মোঃ আমিনুল ইসলাম চৌধুরী গ্রাম- বৈলছড়ি, ডাকঘর : কে.বি. বাজার, থানা- বীশখালী, জেলা- চট্টগ্রাম।	সহকারী স্থপতি (ল্যান্ডস্কেপ)	২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড -৯ম)

**শর্তাবলী:**

১. চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর সরাসরি নিয়োগ সংক্রান্ত ধারা ৪ এ বর্ণিত শর্তাবলীর ব্যত্যয় ঘটলে বা কোন বিরূপ তথ্য পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
২. চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০১৯ এর ধারা ৬ এর উপ ধারা (১) এর দফা (ক) মতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে। শিক্ষানবিশকাল সন্তোষজনক সাপেক্ষে তাদেরকে উক্ত পদে স্থায়ী করা হবে।
৩. নিম্নলিখিত দলিলপত্রাদি যথাযথভাবে পূরণ করে (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।  
(ক) জাতীয় পরিচয়পত্র, (খ) স্থায়ী বাসভূমির ঘোষণাপত্র, (গ) গোপনীয়তা বজায় রাখার অঙ্গীকারপত্র, (ঘ) পুলিশ প্রতিপাদন ফরম ০২ (দুই) সেট, (ঙ) সার্ভিস বহি ০১ (এক) টি, (চ) শারীরিক যোগ্যতার প্রত্যয়নপত্র, (ছ) দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, (জ) শিক্ষাগত যোগ্যতা ও চারিত্রিক সনদপত্রসহ অন্যান্য সনদপত্রের সত্যায়িত ছায়াছবি।
৪. পরবর্তীতে তাঁর বিরুদ্ধে কোন রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে/ দাখিলকৃত সার্টিফিকেট বা অন্য কোন কাগজপত্রে ভুল তথ্য পরিলক্ষিত হলে তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় অংশ সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ২। উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তাদেরকে আগামী ০৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে যোগদানপত্র দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য করা হবে।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেশনের কাজের স্বার্থে জারী করা হলো।

সদস্য-সচিব  
শূন্য পদ পূরণ সংক্রান্ত বাছাই কমিটি-১

ও  
সচিব  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
ফোনঃ ০২৩৩৩৩৮৮০৭

ইমেইলঃ [secretary@ccc.gov.bd](mailto:secretary@ccc.gov.bd)

**অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (নিয়োগকৃত ব্যক্তির শারীরিক যোগ্যতার সনদ প্রদানের অনুরোধসহ)
৪. প্রোগ্রামার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৫. জনাব .....
৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৮. অফিস কপি।